


বিষয়ঃ Autism and Neurodevelopmental Diseases বিষয়ে গৃহীত কার্যক্রম অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে অবহিত করা যাচ্ছে যে, Autism and Neurodevelopmental Diseases বিষয়ে স্থানীয় সরকার বিভাগ থেকে কতিপয় করণীয় নির্ধারণ করা হয়। এর মধ্যে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ইউনিয়ন পরিষদের শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটিতে আলোচ্য বিষয় হিসেবে অটিজম-কে অন্তর্ভুক্তি, স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ অনুযায়ী ৫৫(২) ধারা মোতাবেক স্বাস্থ্য বিষয়ক কমিটি গঠন এবং কমিটিতে আলোচ্য বিষয় হিসেবে অটিজম-কে অন্তর্ভুক্তি, এবং উপজেলা পরিষদ আইন অনুযায়ী উপজেলা পরিষদের স্বাস্থ্য বিষয়ক কমিটিতে অটিজম কে অন্তর্ভুক্তির জন্য ইউ ও নোট প্রেরণ করা হয়।

ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ এবং পৌরসভার বিভিন্ন কমিটি গঠন, আলোচনায় অন্তর্ভুক্তি এবং স্থানীয় পর্যায়ে কার্যক্রম গ্রহণ বিষয়ে প্রতিবেদন আগামী ১১ ফেব্রুয়ারির মধ্যে সিটি কর্পোরেশন-১ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


সরোজ কুমার নাথ
উপসচিব

ফোন- ৯৫৭৩৬২৫

ইমেইল-দাপ্তরিকঃ lgcc@lgd.gov.bd


ব্যক্তিগতঃ sarojknath@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০১৭.০০.০০.০০১.২০১২-৯৭৪

তারিখ : ২৬ মাঘ ১৪২২ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

উপরোক্ত নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক প্রতিবেদন আগামী ১০ ফেব্রুয়ারি, ২০১৬খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণের জন্য তাঁর জেলার সকল উপজেলা পরিষদকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


ড. জুলিয়া মঈন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক

----- (সকল)

অনুলিপি :

১. উপ-সচিব (আইন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।